

করোনার উপসর্গ বা লক্ষণ

করোনা ভাইরাস দ্বারা আক্রান্ত হলে নিচের লক্ষণগুলো দেখা যেতে পারে। মনে রাখবেন, অনেকেরই এসব লক্ষণ স্পষ্ট নাও হতে পারে। আপনার শরীরের প্রতি খেয়াল রাখবেন, অস্বাভাবিক লক্ষণ দেখলেই সচেতন হবেন।

সাধারণ উপসর্গ বা লক্ষণ যা প্রথম ২-৩ দিনের মধ্যে দেখা দেয়

- জ্বর, কারো কম কারো বেশি হতে পারে।
- শুষ্ক কাশি। কাশি হবে, কিন্তু কফ বের হবে না।
- মাথা ব্যথা
- নাকে সর্দি ঝরতে থাকা
- শরীর ব্যথা
- দুর্বল লাগা। আগে যে কাজ সহজেই করতেন, তা করতে কষ্ট হচ্ছে।
- নাকে ঘ্রাণ ও জিহ্বায় স্বাদ না পাওয়া।

এসব লক্ষণ দেখা দিলেই করোনা ভাইরাসের টেস্ট করাবেন এবং অন্যদের থেকে নিজেকে আলাদা করে ফেলবেন।

বিপদ চিহ্ন

যেসব লক্ষণ দেখলে বিপদ বিবেচনা করতে হবে এবং ডাক্তারের পরামর্শ নিতে হবে।

১। শ্বাসকষ্ট

শ্বাসকষ্টের বেশ কিছু লক্ষণ আছে। পুরো বাক্য বলতে না পারা। থেমে থেমে দম নিয়ে কথা বলা। কাশির শেষে নিশ্বাস নিতে খুব কষ্ট হওয়া।

২। দুর্বলতা

১৫-২০ কদম হাঁটলেই ক্লান্তি লাগা। বসা থেকে উঠতে কষ্ট হওয়া, শক্তি না পাওয়া। অল্প পরিশ্রমেই ক্লান্ত হয়ে যাওয়া।

৩। হাইপোক্সিয়া বা রক্তে অক্সিজেনের পরিমাণ কমে যাওয়া

ঘন ঘন নিশ্বাস নেয়া, বাতাসের জন্য অস্থির লাগা ঠোঁট, নাকের আগা বা আঙ্গুলের মাথা নীল হয়ে যাওয়া

বিপদ চিহ্নগুলো দেখলেই দ্রুত হাসপাতালে যাবেন এবং ডাক্তারের সাথে পরামর্শ করবেন।